বীরভূমের ময়ূরেশ্বরে পটের দুর্গা আঁকতে ব্যস্ত শিল্পী। ছবি ঃ তথাগত চক্রবর্তী

## হাইকোর্টে বড়ো জয় রাজ্যের

# রেজিস্টার্ড পুজো কমিটি পাবে অনুদান

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** দুর্গাপুজোয় পুজো কমিটিগুলিকে ১০ হাজার টাকা করে অনুদান দেওয়ায় আর বাধা রইল না। হাইকোর্টে বুধবার বড়ো জয় পেল রাজ্য সরকার। কলকাতা হাইকোর্ট রায় দিয়েছে, অনুদানের বিষয়ে আইনসভার সিদ্ধান্তই হল চূড়ান্ত। এরপর ইশ্যুটি নিয়ে কোনো প্রশ্ন উঠলে তখন হাইকোর্টে আসার প্রসঙ্গ উঠবে। কিন্তু অনুদান দেওয়া হবে কিনা তা নিয়ে প্রথম ধাপেই হাইকোর্ট হস্তক্ষেপ করছে না। তাই মামলাকারীদের আবেদন এই মুহূর্তে খারিজ করে দিচ্ছে হাইকোর্ট।

অনুদান নিয়ে রায় হওয়ার আগে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল(এজি) কিশোর দত্ত আদালতকে বলেন, রাজ্যে ২০ হাজারের মতো রেজিস্টার্ড পুজো কমিটি রয়েছে। পুলিশের কাছ থেকে দুর্গাপুজো করার জন্য যাদের অনুমোদন রয়েছে, একমাত্র সেই রেজিস্টার্ড পুজো কমিটিগুলিকেই ১০ হাজার টাকা অনুদান দেওয়া হবে। অনুদানের অর্থ পুজো কমিটিগুলি কীভাবে খরচ করবে তা নজরদারি করবে স্থানীয় পুলিশ। ইতিমধ্যেই কয়েকটি পুজো কমিটিকে চেক বিলি করা হয়ে গিয়েছে। রাজ্য সরকারের বক্তব্য শোনার পর ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি দেবাশিস করগুপ্ত এবং বিচারপতি শম্পা সরকারের ডিভিশন বেঞ্চ রায় দেয়। রায়ে উল্লেখ করে, রাজ্য সরকার দুর্গাপুজোয় পুজো কমিটিগুলিকে যে কারণে অনুদান দিচ্ছে, তা খতিয়ে দেখার চূড়ান্ত সিদ্ধান্ত রয়েছে আইনসভার হাতে। মামলাকারীদের আর্জি খারিজ করে জানানো হয়, এই মুহূর্তে আদালত এই অবস্থায় দাঁড়িয়ে বিষয়টিতে হস্তক্ষেপ করছে না। তবে, 'সেফ ড্রাইভ সেভ লাইফ', স্যানিটেশনের প্রচারের জন্য পুজো কমিটিগুলি কীভাবে ওই ১০ হাজার টাকা খরচ করল তা নিয়ে পুলিশকে অবশ্যই ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে বলা হয়েছে পুজো কমিটিগুলিকে।

গত ১০ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেন, রাজ্যের ২৮ হাজার পুজো কমিটিকে (কলকাতার ২৫ হাজার এবং জেলার ৩ হাজার) ১০ হাজার করে টাকা দেওয়া হবে। এর জন্য সরকার ২৮ কোটি টাকা খরচ করবে। মুখ্যমন্ত্রীর ওই ঘোষণার পর ১৯ তারিখ জনস্বার্থ মামলা দায়ের হয় হাইকোর্টে। যেখানে প্রশ্ন তোলা হয়, করদাতাদের অর্থ নয়ছয় করে রাজ্য সরকার ক্লাবগুলিকে অনুদান দিতে পারে না। এটা সংবিধান বিরোধী। এদিকে জানা যায়, অনুদান নিয়ে সরকার ২৪ তারিখ গভর্নমেন্ট অর্ডার বের করেছে যেখানে উল্লেখ রয়েছে, সেফ ড্রাইভ সেভ লাইফ, স্যানিটেশনের প্রচারের জন্য পুজো কমিটিগুলিকে অনুদান দেওয়া হচ্ছে। তবে রাজ্য সরকার আদালতে দাবি করে, ভারতীয় সংবিধানের ২৮২ ধারা অনুযায়ী সরকারের অধিকার রয়েছে ওই অর্থ প্রদান করার। সেক্ষেত্রে করদাতারা কখনও সরকারের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলতে পারে না। সরকার সিদ্ধান্ত নেবে, কোন টাকা জনস্বার্থে খরচ করবে আর কোনটা নয়। সরকারের এই সিদ্ধান্তের সমালোচনা করার যদি কারোর এক্তিয়ার থেকে থাকে, তবে তা আইনসভা বা সমগোত্রীয় কমিটির (পাবলিক অ্যাকাউন্টস কমিটি, কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল)।

রাজ্য সরকারের ওই যুক্তিকে মান্যতা দিয়ে কলকাতা হাইকোর্ট আইনজীবী সৌরভ দত্ত সহ আরও একজনের করা জনস্বার্থ মামলা খারিজ করে দেয়।

## অনুদানের জট কাটায় খুশি শাসকদল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ** কলকাতা উচ্চ আদালতে সরকারের পুজো কমিটিগুলিকে অনুদান দেওয়ার জট আপাতত কাটায় খুশি শাসকদল। এই বিষয়ে মামলাকারীদের তীব্র কটাক্ষ করে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, কিছু মানুষ আছেন (বিরোধীরা) যাঁরা কাঁকড়ার মতো মানুষকে শুধু পিছনের দিকে টানতে চান। এগোনোর কোনো ইচ্ছা তাঁদের নেই। সরকারকে হেনস্তা করাই তাঁদের মূল উদ্দেশ্য বলে মন্তব্য করেন পুরমন্ত্রী। কলকাতা উচ্চ আদালত তা বুঝতে পেরেছে। এই রায় সরকারের জয় কিনা প্রশ্নে ফিরহাদ হাকিম বলেন, এটি কোনো মামলাই নয়। সমাজের উন্নয়নের জন্য পুজো কমিটিগুলির মাধ্যমে বার্তা দিতে চেয়েছিলেন মুখ্যমন্ত্রী। এটা জয়-পরাজয়ের ব্যাপার নয়।

মুখ্যমন্ত্রীর ভাইপো তথা তৃণমূল কংগ্রেসের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ও এক অনুষ্ঠানে পুজো অনুদান নিয়ে উচ্চ আদালতের রায়কে স্বাগত জানিয়ে বিরোধী ও মামলাকারীদের তীব্র কটাক্ষ করেন।

## কলকাতায় ডেঙ্গুতে মৃত তিন

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** বুধবার কলকাতার তিনটি হাসপাতালে ডেঙ্গুতে তিনজনের মৃত্যু হয়েছে। যারা মারা গিয়েছে, তাদের মধ্যে রয়েছে কলকাতা সংলগ্ন গড়িয়ার বাসিন্দা পাঠভবনের পঞ্চম শ্রেণির ছাত্রী রূপকথা পালুই (১০), হাওড়ার সাঁতরাগাছির বাসিন্দা সুধীর মাখাল (৬৬) ও উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার বাসিন্দা আশিয়ানা পারভিন (১৩)।

হাওড়ার বাসিন্দা সুধীর মাখাল ৬ দিন যাবৎ জ্বরে ভুগছিলেন। তাঁকে ভরতি করা হয়েছিল কলকাতার ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের ধারে মেডিকা নামে একটি বেসরকারি হাসপাতালে। সুধীরবাবুর প্লেটলেট কমে হয়েছিল ১০ হাজার। সেখানে ক'দিনে তাঁর প্লেটলেট একলাফে উঠে গিয়েছিল। কিন্তু তা সত্ত্বেও এদিন বিকেলে তাঁর মৃত্যু হয়। সুধীরবাবুর পরিবারের অভিযোগ, সুস্থ হয়ে উঠেও সুধীরবাবুর মারা যাওয়ার মূল কারণই হল, ওই বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষের গাফিলতি। হাসপাতাল কর্তৃপক্ষের তরফে অবশ্য এই অভিযোগ অস্বীকার করা হয়েছে।

অপরদিকে, কলকাতা পুরসভার ইঞ্জিনিয়ার সাগ্নিক পালুইয়ের মেয়ে রূপকথা পালুই (১০) জ্বরে আক্রান্ত হলে গত মঙ্গলবার তাকে ভরতি করা হয়েছিল বাইপাসের ধারে রবীন্দ্রনাথ টেগোর হাসপাতালে। সেখানেই এদিন সকালে তার মৃত্যু হয়। উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার বাসিন্দা আশিয়ানা পারভিন (১৩) বিগত কয়েকদিন যাবৎ জ্বরে ভুগছিল। তাকে প্রথমে উত্তর ২৪ পরগনার সাগর দত্ত হাসপাতালে ভরতি করা হয়। সেখান থেকে গতকালই তাকে মধ্য কলকাতার এনআরএস হাসপাতালে ভরতি করা হয়েছিল। সেখানেই এদিন সে মারা যায়। এদিনের ওই তিনজনের মৃত্যু নিয়ে কলকাতা ও তৎপার্শ্ববর্তী এলাকায় ডেঙ্গুতে মৃতের সংখ্যা গিয়ে দাঁড়াল ১৫। তিনটি ক্ষেত্রেই ডেথ সার্টিফিকেটে মৃত্যুর কারণ হিসেবে ডেঙ্গুর উল্লেখ করা হয়েছে।

## সিঙ্গুরের কাশেম এখন বিজেপির নেতা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ** তৃণমূল কংগ্রেসের সিঙ্গুর আন্দোলনের অন্যতম পরিচিত মুখ কাশেম এখন গেরুয়া শিবিরে। বিজেপি নেতা মুকুল রায়ের অনুগামী হয়ে তিনি এই দলে যোগ দিয়েছেন। দলের সংখ্যালঘু মোর্চার তিনি সম্পাদক। প্রসঙ্গত, বামফ্রন্ট আমলে সিঙ্গুর আন্দোলন তৃণমূল কংগ্রেসের সাফল্যের অন্যতম মাইলফলক। তৎকালীন বিরোধী নেত্রী তথা বর্তমান মুখ্যমন্ত্রী এই তরুণকে 'ছোটো কাশেম' বলে ডাকতেন। ক্ষমতায় আসার পর দলের সঙ্গে ক্রমেই তাঁর সম্পর্ক ক্ষীণ হয়ে আসে। মুকুল রায় বিজেপিতে যোগ দেওয়ার পর তিনিও এই দলে যোগ দিয়েছেন। দেশের বিভিন্ন অংশে সংখ্যালঘু বিরোধী হিসেবে নাম কেনা গেরুয়া শিবিরে যা বড়ো প্রাপ্তি। সম্প্রতি দলীয় বৈঠকে বিজেপির সঙ্গে (মুকুল রায়ের সঙ্গে) যোগাযোগ রাখা নিয়ে হুঁশিয়ারি দিয়েছেন মুখ্যমন্ত্রী। ঘনিষ্ঠ মহলে মুকুলবাবু জানিয়েছেন, ২০-২২ জন তৃণমূল নেতার সঙ্গে তাঁর নিয়মিত যোগাযোগ আছে। তবে তাঁরা কারা এখন অবধি জানা যায়নি। একদা তৃণমূল কংগ্রেসের সেকেন্ড ইন কমান্ড মুকুল রায় গেরুয়া শিবিরে যোগ দিলেও এখন অবধি তৃণমূল কংগ্রেস বা অন্য দল ভাঙিয়ে গুরুত্বপূর্ণ কাউকে নিতে পারেননি। কিন্তু লোকসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে এই প্রবণতা বৃদ্ধি পাচ্ছে বলে রাজনৈতিক মহল সূত্রে জানা যায়। বিশেষত দলের বিক্ষুব্ধ অনেকেই তাঁর সঙ্গে যোগাযোগ রাখছেন বলে প্রকাশ। ইতিমধ্যে মহেশতলা, পশ্চিম মেদিনীপুর থেকে এক ঝাঁক তৃণমূল কংগ্রেস কর্মী-সমর্থক বিজেপিতে যোগও দিয়েছেন। চলতি বছরে একাধিক রাজ্যের বিধানসভা নির্বাচনের ফলাফলের উপরও এই প্রবণতা অনেকটা নির্ভর করছে বলে মনে করা হচ্ছে।

## শিক্ষাক্ষেত্রে অব্যবস্থা, রাজ্যপালের কাছে শিক্ষকরা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ** রাজ্যের শিক্ষাক্ষেত্রে অব্যবস্থার অভিযোগ এনে রাজ্যপালের কাছে দরবার করলেন শিক্ষকরা। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির পক্ষে এদিন ৮ দফা দাবিতে রাজ্যপালকে স্মারকলিপি পেশ করা হয়। বিশ্বজিৎ মিত্রের নেতৃত্বে সংগঠনের পাঁচজনের প্রতিনিধিদল শিক্ষাক্ষেত্রে ও শিক্ষালয়গুলির অব্যবস্থা নিয়ে রাজ্যপালকে নালিশ জানান। দাড়িভিট উচ্চবিদ্যালয়ের পরিস্থিতি নিয়ে রাজ্যপাল উদ্‌বেগ ব্যক্ত করেন বলে জানা যায়। বহু বিদ্যালয়ে নৈশপ্রহরী ও সাফাইকর্মী না থাকায় তিনি বিস্ময় ব্যক্ত করেন বলে প্রতিনিধিরা জানিয়েছেন। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির মূল দাবিগুলির মধ্যে ছিল দাড়িভিট সহ অন্য বিদ্যালয়ে শিক্ষকদের হেনস্তা বন্ধ করতে হবে। অষ্টম শ্রেণি সহ পাসফেল চালু, শিক্ষা প্রশাসন ও মাধ্যমিক শিক্ষা পর্ষদের সমন্বয় গঠন, অযথা ও ইচ্ছামতো শিক্ষকদের বদলির বিরোধিতা ইত্যাদি। রাজ্যপাল তাঁদের বক্তব্য মন দিয়ে শুনেছেন বলে সংগঠনের সাধারণ সম্পাদক বিশ্বজিৎবাবু জানিয়েছেন। অন্যদিকে, বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষে অবিলম্বে পঞ্চায়েত এলাকার শিশুশিক্ষা ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের শিক্ষক-শিক্ষিকাদের বকেয়া বেতন ও বোনাস দেওয়ার জন্য সরকারকে দাবি জানানো হয়েছে। সংগঠনের পক্ষে আনন্দ হান্ডা ক্ষোভপ্রকাশ করে বলেন, রাজ্য সরকার পুজো কমিটিগুলির অনুদানে ২৮ কোটি টাকা দিলেও স্বল্প বেতনভুক এই শিক্ষক -শিক্ষিকাদের ন্যায্য দাবি মানছে না।

## বন্দুক ঠেকিয়ে লক্ষাধিক লুট

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** উত্তর ২৪ পরগনার বাগদা থানার সিন্দ্রানী গ্রামে বাড়িতে ঢুকে নাবালকের মাথায় বন্দুক ঠেকিয়ে মঙ্গলবার রাতে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে। জানা গিয়েছে, ডাকাতদল সবমিলিয়ে নগদ সাড়ে পাঁচ লক্ষ টাকার সামগ্রী লুঠ করে চম্পট দিয়েছে।

বাগদার বাসিন্দা অনিমেষ বিশ্বাস কর্মসূত্রে রাজ্যের বাইরে থাকেন। তার স্ত্রী জ্যোৎস্না বিশ্বাস নাবালক ছেলে ও মেয়েকে নিয়ে বাগদার বাড়িতে একাই থাকতেন। মঙ্গলবার গভীর রাতে ঘুম ভেঙে জ্যোৎস্নাদেবী দেখেন, ঘরের মধ্যেই ছয় দুষ্কৃতী তাঁর ছেলের মাথায় বন্দুক ঠেকিয়ে দাঁড়িয়ে রয়েছে। যা দেখে স্বভাবতই তিনি ঘাবড়ে যান। দুষ্কৃতীরা জ্যোৎস্নাদেবীর ছেলেকে প্রাণে মারার হুমকি দিয়ে আলমারির চাবি চাইলে তিনি ভয় পেয়ে তাদের আলমারির চাবি দিয়ে দেন। এরপর আলমারি খুলে সোনা-গয়না ও নগদ ৯৫ হাজার টাকা নিয়ে চম্পট দেয় ওই দুষ্কৃতীরা। পুলিশে অভিযোগ দায়ের করা হলে পুলিশ তদন্ত শুরু করেছে।

## শুনানি পিছোল

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে সময় চাওয়ার দরুন বুধবার শুনানি হল না সারদা কাণ্ডের সিবিআইয়ের দায়ের করা আবেদনটির উপর। এদিন রাজ্য সরকারের পক্ষে পাবলিক প্রসিকিউটর শাশ্বতগোপাল মুখোপাধ্যায় আদালতের কাছে ওই মামলায় সরকারের বক্তব্য পেশ করার জন্য কিছু সময় চাইলে বিচারপতি শিবকান্ত প্রসাদ মামলাটি আগামী ১৯ নভেম্বর শুনানির জন্য রাখেন। সারদাকাণ্ডে বারবার ডেকে পাঠানো সত্ত্বেও কলকাতার নগরপাল সহ রাজ্য পুলিশের অফিসারেরা সিবিআইয়ের দপ্তরে হাজিরা না দেওয়ায় সুপ্রিমকোর্টের নির্দেশক্রমে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে সিবিআই।

## কমপ্লেক্সে আগুন

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** বাগরি, মেডিকেল, সোনারপুরের বাজি কারখানার পর এবার বাসন্তী হাইওয়ের লেদার কমপ্লেক্সের চারতলার একটি ট্যানারির বাড়িতে আগুন লাগল। বুধবার সকালে আচমকা ওই বিল্ডিংয়ে আগুন লাগায় এলাকায় ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দমকলের সাতটি ইঞ্জিন কয়েক ঘণ্টার প্রয়াসে আগুন নিয়ন্ত্রণে আনে। পরে বিপর্যয় মোকাবিলা দলও আসে ঘটনাস্থলে। ঘটনায় গুরুতর জখম হয়েছেন এক কর্মী, আগুনে ঝলসে গিয়েছে তার দেহ। আহত ওই কর্মীকে উদ্ধার করে বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে ভরতি করা হয়েছে। বাকি কর্মীদের উদ্ধার করা হয়েছে। আগুনের প্রভাবে বাড়িটিতে ফাটল দেখা গিয়েছে।

## মাঝেরহাট ব্রিজের নীচে রাস্তার কাজ শেষ, খুলছে শনিবার

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** কলকাতায় ভেঙে পড়া মাঝেরহাট সেতুর নীচ দিয়ে আপৎকালীন ব্যবস্থা হিসেবে যান চলাচলের রাস্তা নির্মাণের কাজ শেষ। শুধু কাজ চলছে ওই রাস্তার দু-ধারের বসতি এলাকার মধ্য দিয়ে অ্যাপ্রোচ রোড ঠিক করার পূর্ব ঘোষিত সূচি অনুসারে আগামী শনিবারই ওই রাস্তাটি পরিবহণ দপ্তরের হাতে তুলে দেবেন পূর্ত বিভাগের কর্তারা। কেন্দ্রীয় সরকারের গার্ডেনরিচ শিপ বিল্ডার্স ও ইঞ্জিনিয়ার্সের তৈরি বেইলি ব্রিজের ইস্পাতের কাঠামোগুলি এদিনই যথাস্থানে বসে গিয়েছে। রাস্তাটির দু-ধারে ট্রেন পারাপারের সময় গাড়ি বা পথচারীদের আটকে দেওয়ার জন্য পূর্ব রেলের পক্ষ থেকে লেভেল ক্রসিং ব্যবস্থা ইতিমধ্যেই চালু করে দেওয়া হয়েছে। এদিনই ওই নবনির্মিত রাস্তাটির বিষয়ে আয়োজিত এক বৈঠকে স্থির হয়েছে, আপাতত দক্ষিণ থেকে উত্তরমুখী অর্থাৎ নিউ আলিপুর থেকে আলিপুরের দিকে যাওয়ার গাড়িগুলিকেই ওই রাস্তা দিয়ে পারাপার করানো হবে। আপাতত ছোটো গাড়িগুলি ওই রাস্তা দিয়ে চালানো হলেও আগামী চার থেকে ছয় সপ্তাহের মধ্যে ওই বেইলি ব্রিজের কাঠামো সারাইয়ের কাজ সম্পূর্ণ হয়ে যাওয়ার পর মিনিবাস সহ ভারী গাড়িগুলি চালানোর উদ্যোগ নেওয়া হবে।

রাস্তার দু-দিকেই লাগানো হচ্ছে নো হর্ন জোন-এর বোর্ড। ওই রাস্তাটি তৈরির কাজ শেষলগ্নে পৌঁছে গেলেও বিগত দু-দিন যাবৎ ওই এলাকায় সৃষ্টি হয়েছে ব্যাপক যানজট। যা কিনা মাঝেরহাট সেতু ভেঙে পড়ার পর দু-দিনের মধ্যে অনেকটাই সামাল দিয়ে দিয়েছিল কলকাতা ট্রাফিক পুলিশ। গত দু-দিন যাবৎ নিউ আলিপুর ও আলিপুরের দুর্গাপুর সেতু ও সুরুচি সংঘের পুজোমণ্ডপ সংলগ্ন রাস্তাগুলিতে ব্যাপক যানজটের সৃষ্টি হয়েছে। কারণ, রাস্তার দু-দিকের ফুটপাথ পরিষ্কার থাকলেও ওই ফুটপাথের বাইরে রাস্তার উপর ৪ ফুট করে দু-দিকে সুরুচি সংঘের পুজোর দর্শনার্থীদের জন্য রাস্তা দখল করে তৈরি করা হয়েছে ব্যারিকেড। ফলে রাস্তাগুলি সংকীর্ণ হয়ে পড়েছে। অধিকাংশের অভিমত, অযথা রাস্তার মধ্যে ব্যারিকেড করে পুজোমণ্ডপের গুরুত্ব বাড়ানো হচ্ছে।

## রাজ্যে বিনিয়োগ করছে ফ্লিপকার্ট

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ** বহুজাতিক নামি সংস্থা ফ্লিপকার্ট রাজ্যে ১০০০ কোটি বিনিয়োগ করছে। দুর্গোৎসবের প্রাক্কালে এই খবরে খুশি রাজ্য সরকার। নবান্নে শিল্পমন্ত্রী অমিত মিত্র জানিয়েছেন, এই প্রকল্পে ১৮ হাজারের বেশি কর্মসংস্থান হবে। নদিয়ার হরিণঘাটায় লজিস্টিক প্রকল্প গড়ে তোলার জন্য এই সংস্থাকে ১০০ একর জমি দিচ্ছে রাজ্য। বছরখানেক আগে এই প্রকল্প স্থাপনের জন্য প্রস্তাব পায় রাজ্য। হরিণঘাটা শিল্প তালুকে এই জমি দেওয়া হচ্ছে বলে অমিত মিত্র জানান। পূর্ব ভারতে এই প্রথম ফ্লিপকার্ট বিনিয়োগ করছে। আগামী তিন মাসের মধ্যে এই জমি হস্তান্তর হবে। দেড় বছরের মধ্যে কাজ শেষ হবে বলে শিল্পমন্ত্রী জানিয়েছেন। প্রসঙ্গত, অনলাইন বিপণন সংস্থা ফ্লিপকার্টের গ্রাহক রাজ্যে কম নয়। বিশেষত তরুণ প্রজন্ম এই বিপণনে বেশি স্বচ্ছন্দ।

## বিনোদিনী কাণ্ডে থমথমে স্কুল

## অভিভাবকদের জামিন, শিক্ষকের পুলিশি হেপাজত

**কলকাতা, ১০ অক্টোবর (সংবাদ) ঃ** মঙ্গলবার দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার বিনোদিনী গার্লস হাইস্কুলে ঘটে যাওয়া ঘটনার পরিপ্রেক্ষিতে থমথমে সমগ্র এলাকা। পুলিশি প্রহরায় স্কুল চললেও উপস্থিতির হার ছিল নগণ্য। প্রাতঃবিভাগে ছাত্রী ও শিক্ষকের সংখ্যা সামান্য। আর দিবা বিভাগে ছাত্রীর সংখ্যা মাত্র ৩০ থেকে ৩৫ শতাংশ। এমনকি শিক্ষিকাদের মধ্যে অনেকেই ছিলেন অনুপস্থিত। অপরদিকে, মঙ্গলবার স্কুল ও পুলিশের উপর হামলার দায় অস্বীকার করেছেন অভিভাবকেরা। তাঁদের দাবি, হামলা তাঁরা চালাননি। হামলা চালায় বহিরাগতরা। সেখানকার সিসিটিভির ফুটেজ দেখলে সমগ্র বিষয়টি পরিষ্কার হয়ে যাবে। মঙ্গলবারের ঘটনায় ধৃত ৪ অভিভাবক ও অভিযুক্ত শিক্ষককে আদালতে তোলা হলে বিচারক ৪ অভিভাবককে এক হাজার টাকার ব্যক্তিগত বন্ডে জামিন দেন। অভিযুক্ত শিক্ষককে ১৫ অক্টোবর পর্যন্ত পুলিশ হেপাজতের নির্দেশ দেন। পড়ুয়া ছাড়া অন্য কাউকে ঢুকতে দেওয়া হচ্ছে না। এমনকি স্কুল চত্বরের বাইরেও অভিভাবকদের ভিড় করতে দেওয়া হচ্ছে না। স্কুলের ভিতরে ছাত্রীদের নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে টাঙানো হয়েছে নোটিশ। স্কুলের শারীরশিক্ষার শিক্ষক দীপক কর্মকারের হাতে যৌন হেনস্তার শিকার হওয়ার ঘটনাকে কেন্দ্র করে মঙ্গলবার উত্তাল হয়ে ওঠে স্কুল চত্বর।

## ডাইন অপবাদে প্রৌঢ়ের আঙুল কাটল মাতব্বররা

**সিউড়ি, ১০ অক্টোবর ঃ** বীরভূমের পাড়ুই থানার কসবা গ্রামে আদিবাসী এক প্রৌঢ়ের আঙুল কেটে নিল মাতব্বরা। অভিযোগ, সালিশি সভা ডেকে গ্রামের মোড়লের নির্দেশে এই কাণ্ড ঘটানো হয়েছে। আক্রান্ত প্রৌঢ়কে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভরতি করা হয়েছে। অভিযুক্তদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পাড়ুইয়ের কসবা অঞ্চলের রাধাকেষ্টপুর গ্রামের বাসিন্দা ফন্দি সর্দার। তাঁর উপর কালাজাদু ভর করেছে বলে কয়েকদিন ধরেই অভিযোগ করেছিলেন স্থানীয়রা। এরপরই গ্রামে সালিশি সভা বসানো হয়। সেই সালিশি সভার বিচারে প্রথমে স্থির হয়, বলি দেওয়া হবে ফন্দি সর্দারকে। তারপর ঠিক হয়, বলি নয়। তাঁর দু-হাতের ১০টি আঙুল কেটে নেওয়া হবে। এরপরই ফন্দি সর্দারের দুহাতের ১০টি আঙুল কেটে নেয় মোড়লরা। আক্রান্ত প্রৌঢ় কাকুতিমিনতি করলেও কেউ শোনেনি। এমনকি গ্রামবাসীরা সাহায্যে এগিয়ে আসেননি বলেও অভিযোগ। ফন্দি সর্দার জানান, সভার পরে একটি ছুরি দিয়ে কেটে দেওয়া হয় তাঁর হাতের সবকটি আঙুল। ঘটনার কথা শুনে শিহরিত প্রশাসনিক আধিকারিকরাও। জেলাশাসকের নির্দেশে বিডিও ঘটনাস্থল পর্যবেক্ষণে যান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ। ফন্দি সর্দারের পরিবারের সদস্যরা কেউ বাড়ির বাইরে বেরোতে সাহস পাচ্ছেন না। গ্রামের পরিস্থিতি থমথমে থাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্ত মোড়ল ও তার শাগরেদরা। একটি স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে তাদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। এদিকে, এই ঘটনা জানাজানি হওয়ার পর ক্ষোভে ফেটে পড়ছেন নির্যাতিত প্রৌঢ়ের আত্মীয়রা। হাসপাতালের পক্ষ থেকে জানানো হয়েছে, ফন্দি সর্দারের অবস্থা আশঙ্কাজনক।

## নাগেরবাজারে নিহত শিশুর পরিবারকে সহায়তা রাজ্যের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ অক্টোবর ঃ** রাজ্য সরকার নাগেরবাজার বিস্ফোরণ কাণ্ডে মর্মান্তিকভাবে নিহত শিশু বিভাস ঘোষের পরিবারকে আর্থিক সহায়তা দিচ্ছে। শিশুটির পিতা জন্মেজয় ঘোষকে মুখ্যমন্ত্রী ২ লক্ষ টাকা সহায়তা ও কাজের আশ্বাস দিয়েছেন বলে জানা যায়। মঙ্গলবার মুখ্যমন্ত্রীর বাসভবনে গিয়ে কাজের জন্য আবেদন জানান জন্মেজয় ঘোষ। ওই বিস্ফোরণে তাঁর স্ত্রীও গুরুতর আহত হয়ে চিকিৎসাধীন। পরিচারিকার কাজ তিনি আর করতে পারবেন কিনা সংশয় আছে। নিম্নবিত্ত পরিবারটি জীবনযাত্রা নির্বাহের জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছে। শাসকদলের জনৈক নেতার সহায়তায় সেই আবেদন পৌঁছোয় মুখ্যমন্ত্রীর কাছে। অসহায়, দুস্থ পরিবারটির পাশে দাঁড়ানোর জন্য মুখ্যমন্ত্রী সবরকম আশ্বাস দিয়েছেন বলে জন্মেজয় ঘোষ জানান। তিনি কাজ চাইলেও আর্থিক সহায়তা চাননি। মুখ্যমন্ত্রী নিজেই তাঁকে ২ লক্ষ টাকা সহায়তা ও কাজের আশ্বাস দেন। বিস্ফোরণের পর ছোট্ট বিভাসের চিকিৎসার গাফিলতির অভিযোগও উঠেছিল। ছেলেকে আর ফিরে পাবেন না তাঁরা। আপাতত আর্থিক সহায়তা ও কাজ পেলে কিছুটা অন্তত সুরাহা হবে তাঁদের।

## এবছর পুজোর থিম 'পরাবাস্তবতা'

**কলকাতা, ১০ অক্টোবর ঃ** বর্তমান প্রজন্ম বাস্তব জীবন থেকে ক্রমে হারিয়ে যাচ্ছে। শৈশব, কৈশোর, পরিবার ভুলে যন্ত্রনির্ভর হয়ে পড়ছে। একবিংশ শতকের ইঁদুরদৌড়ে তরুণ প্রজন্মের ধ্যানজ্ঞান মোবাইল আর সোশ্যাল মিডিয়া। তাই তরুণ প্রজন্মের হুঁশ ফেরাতে দুর্গাপুজোকে হাতিয়ার করেছে উত্তর কলকাতার নলিনী সরকার স্ট্রিট সর্বজনীন দুর্গোৎসব কমিটি। এবছর তাদের পুজোর থিম 'পরাবাস্তবতা'। মূলত বিংশ শতকের প্রথমভাগের ভুবনখ্যাত ফরাসি শিল্পী সালভাদোর দালির কাজের অনুকরণে মণ্ডপের মধ্যে 'পরাবাস্তবতা'-র আবেশ তুলে ধরা হবে। এটা তরুণ প্রজন্মের কাছে বিশেষ শিক্ষামূলক হয়ে উঠবে বলে মনে করেন এবছরের নলিনী সরকার স্ট্রিট সর্বজনীন দুর্গোৎসব কমিটির সভাপতি জয়ন্ত চট্টোপাধ্যায়। তাঁর কথায়, 'বর্তমানে মানুষ বাস্তব জগৎ থেকে ক্রমে দূরে সরে যাচ্ছে। অবসাদে ভুগছে। এই পরিস্থিতিতে দালির পরাবাস্তবতা খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।'

দুর্গাপুজোর মণ্ডপে থিমের মাধ্যমে 'পরাবাস্তবতা' তুলে ধরার ভাবনাটি অবশ্য নলিনী সরকার স্ট্রিট সর্বজনীন দুর্গোৎসব কমিটির নয়। জয়ন্তবাবু জানান, এই ভাবনাটি ইন্ডিয়ান আর্ট কলেজের প্রাক্তন ছাত্র অভিজিৎ ঘটকের মস্তিষ্কপ্রসূত। সালভাদোর দালির কাজের অনুকরণে মণ্ডপের ভিতরটা তৈরি করা হবে। যেমন, বিভিন্ন মাপের ও ভিন্ন ভিন্ন আকারের বহু অচল ঘড়ি মণ্ডপে ছড়ানো-ছিটানো অবস্থায় থাকবে। এর কারণ ব্যাখ্যা করে অভিজিৎবাবু বলেন, 'দালির পরাবাস্তবতা চিত্রাঙ্কনটি তুলে ধরতেই আমরা মণ্ডপের মেঝেতে অচল ঘড়ি ফেলে রাখার সিদ্ধান্ত নিয়েছি। এছাড়া দালির অনুপ্রেরণায় কাঠের তৈরি বিভিন্ন দ্রব্য, গাঁজা খাওয়ার মাটির কলকে, প্রাথমিক চিকিৎসার খালি বাক্স মণ্ডপে রাখা হবে এবং সত্য-মিথ্যার দ্বন্দ্বের ছবিও অঙ্কিত থাকবে।' অর্থাৎ সালভাদোর দালির পরাবাস্তবতা যাতে সহজেই দর্শক মনে দাগ কাটতে পারে, তার জন্যই এই ভাবনা অভিজিৎবাবুর।

গতবছর এশিয়ান পেন্টস শারদ সম্মান-এ শ্রেষ্ঠ পুজোর শিরোপা পেয়েছিল নলিনী সরকার স্ট্রিট সর্বজনীন দুর্গাপুজো। সেবার তাদের থিম ছিল, মা দুর্গা শারীরিক প্রতিবন্ধী শিশুদের পাশে দাঁড়িয়েছেন এবং তাদের বাড়ি পরিদর্শন করছেন। এবছর তুলনামূলক কম বাজেটে (২৫ লক্ষ টাকা) তৈরি দালির 'পরাবাস্তবতা' থিমনির্ভর মণ্ডপটিও সকলের মন জয় করবে বলে আশাবাদী জয়ন্তবাবু।

**কলকাতা নলিনী সরকার স্ট্রিট**

দুর্গাপুজোর মণ্ডপে থিমের মাধ্যমে 'পরাবাস্তবতা' তুলে ধরার ভাবনাটি ইন্ডিয়ান আর্ট কলেজের প্রাক্তন ছাত্র অভিজিৎ ঘটকের মস্তিষ্কপ্রসূত। সালভাদোর ডালির কাজের অনুকরণে মণ্ডপের ভিতরটা তৈরি করা হবে।

– জয়ন্ত চট্টোপাধ্যায়, *সভাপ